

অস্ট্রেলিয়া বাংলাদেশ প্রেস ও মিডিয়া ক্লাব-এর মিটিং অনুষ্ঠিত



গত ৩০শে জুলাই রকডেলস্ বনলতা রেস্টুরেন্টে বাংলাদেশ প্রেস ও মিডিয়া ক্লাব, অস্ট্রেলিয়ার কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মোহাম্মদ রহমতুল্লাহ এবং পরিচালনা করে সাধারণ সম্পাদক ইকবাল ইউসুফ। সভায় বিভিন্ন বিষয়াদি ও কর্ম পদ্ধতি নিয়ে আলোচনা করা হয়। বেশ কয়েকজন নতুন সদস্যের আবেদন গ্রহীত হয়। আগামীতে কমিউনিটিকে উপজীব্য করে কয়েকটি প্রোগ্রামের সিদ্ধান্ত চূরান্ত হয়। সভায় অন্যান্য সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন অজয় দাসগুপ্ত, আবু রেজা আরেফীন, ডঃ আবুল হাসনাত মিল্টন, হাসনা হেনা, আবুল কালাম আজাদ, আমিনুল ইসলাম রুবেল, আল নোমান শামিম, জায়েদ রিজওয়ান, সজীব আহমেদ চৌধুরী, ফজলুল মিরাজ, কিশোর জাহ্ন, জুমান হোসেইন ও মাহবুব রহমান। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কাজী সুলতানা সিমি ও মোস্তাফিজুর রহমান।
